গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
শেরপুর সদর, শেরপুর ।

## শেরপুর সদর ৫ম উপজেলা পরিষদের ১৭ তম সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব মোঃ রফিকুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
শেরপুর সদর, শেরপুর

সভার তারিখ ও সময় ঃ ১৬/০৩/২০২১ খ্রিঃ তারিখ, সকাল ১১.০০ ঘটিকা ।

শেরপুর সদর ৫ম উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান ও সভাপতি শেরপুর সদর উপজেলা পরিষদ মাসিক সভা, জনাব মোঃ রফিকুল ইসলাম সভায় উপস্থিত বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ আতিউর রহমান আতিক, মাননীয় হুইপ, জাতীয় সংসদ বাংলাদেশ ও মাননীয় সংসদ সদস্য, ১৪৩ শেরপুর-১ নির্বাচনী এলাকা ও উপদেষ্টা উপজেলা পরিষদ, শেরপুর সদর, শেরপুর মহোদয় অত্র সভায় উপস্থিত থাকায় তাকে ধন্যবাদ জ্ঞাপন করেন । সভায় উপস্থিত ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান, এবং শেরপুর সদর উপজেলার বিভিন্ন বিভাগীয় প্রধানগণকে স্বাগত জানান। সভাপতি সভার আলোচ্য সূচী মোতাবেক সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, শেরপুর সদর, শেরপুর জনাব মোহাম্মদ ফিরোজ আল মামুন কে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন ।

জনাব মোহাম্মদ ফিরোজ আল মামুন, উপজেলা নির্বাহী অফিসার, শেরপুর সদর, শেরপুর সভার আলোচ্যসূচি অনুযায়ী গত ২৮/০২/২০২১খ্রিঃ তারিখে অনুষ্ঠিত শেরপুর সদর ৫ম উপজেলা পরিষদের ১৬তম সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান ।

উক্ত কার্যবিবরণীর বিষয়ে বিস্তারিত আলোচনান্তে কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

অতঃপর সভায় আলোচ্যসূচি মোতাবেক নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ।

| | | | | |
|---|---|---|---|---|
| | বিভাগীয় কার্যক্রমের বিষয়ে আলোচনা | **১। (ক) উপজেলা প্রকৌশল অফিস ঃ**<br>১। শেরপুর সদর উপজেলার সকল ইউনিয়ন ও উপজেলা পরিষদের প্রকল্পের তালিকা পাওয়া গিয়াছে। প্রকল্প গুলি যাচাই বাছাই করে ৩০% অফলাইনে এডিপি এবং রাজস্ব উন্নয়ন (পিআইসি) এবং বাকী প্রকল্প গুলি এডিপি এবং রাজস্ব উন্নয়ন প্রকল্প অনলাইনে সীমিত দরপত্র আহবান করার কাজ প্রক্রিয়াধীন (সংযুক্তি)।<br>২। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় শেরপুর সদর উপজেলার অবকাঠামো উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়) (১) শেরপুর সদর উপজেলায় বিভিন্ন স্কুলে উচু নিচু ব্রেঞ্চ সরবরাহ = ২২,৪৮,৫২১/=, (২) শেরপুর সদর উপজেলাধীন (ক) বয়ড়া পরানপুন দাখিল মাদ্রাসা, (খ) চৈতন খিলা বাজার, (গ) পীরগঞ্জ বাজারে ওয়াশ ব্লক নির্মাণ = ২৩,৪৬,৩৬৯/= এর দরপত্র মূল্যায়ন প্রক্রিয়াধীন।<br>উপজেলা পরিচালন এবং উন্নয়ন প্রকল্পের আওতায় যাচাই বাছায়ান্তে নিম্নলিখিত প্রকল্প গুলি সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br>ক) লছমনপুর বাজারে সেড সহ সংযুক্ত ছোট ড্রেন নির্মাণ = ১০,০০,০০০/-<br>খ) বিভিন্ন প্রতিষ্ঠানে/রাস্তায় সোলার স্ট্রীট প্রদান = ১০,০০,০০০/-<br>গ) কামারচর বাজারে ড্রেন নির্মাণ = ১০,০০,০০০/-<br>ঘ) জংগলদী মোফাজ্জল হোসেন দাখিল মাদ্রাসা ও কুসুমহাটি বাজারে ওয়াসব্লক নির্মাণ = ২০,০০,০০০/-<br>ঙ) ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে প্রয়োজনীয় আসবাবপত্র এবং উপকরণ সরবরাহ = ১০,০০,০০০/ | | উপজেলা পরিষদ,উপজেলা প্রশাসন,উপজেলা প্রকৌশলী ও চেয়ারম্যান সকল ইউ.পি ,শেরপুর সদর, শেরপুর |

**উপ-প্রকল্পের নামঃ**

| ক্রমিক নং | উন্নয়ন বিষয়ক কমিটির নাম | প্রস্তাবিত উপ-প্রকল্পের নাম |
|---|---|---|
| ১. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | করোনা মোকাবেলায় স্বাস্থ্য কর্মী, পরিবার পরিকল্পনা মাঠকর্মী ও স্থানীয় জনগনের করণীয় বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচী। |
| ২. | মাধ্যমিক এবং মাদ্রাসা শিক্ষা কমিটি | মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষকদের রবার্ট স্কাউট আইন সম্পর্কে সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ। |
| ৩. | যুব ও ক্রীড়া উন্নয়ন বিভাগ | বেকার যুবকদের আন্তকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে মোবাইল সার্ভিসিং বিষয়ক দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ। |
| ৪. | মৎস্য ও প্রাণী সম্পদ বিভাগ | বেকার যুবকদের গবাদি পশুর টিকা প্রদান ও কর্মসংস্থান বিষয়ক প্রশিক্ষণ। |
| ৫. | প্রাথমিক গণশিক্ষা বিভাগ | উপজেলা পরিষদের সংশ্লিষ্ট সরকারী কর্মচারীদের ওয়েব পোর্টাল এবং ই-নথি বিষয়ক প্রশিক্ষণ। |

৩। সারাদেশে পুকুর খাল উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত) এর আওতায় কাটাখালী খাল এর উন্নয়ন/খনন কাজ চলমান আছে।

৪। বলাইরচর ইউনিয়ন পরিষদের কাজ দ্রুত শেষ করার বিষয়ে আলোচনা করা হয় এবং এ ব্যাপারে উপজেলা নির্বাহী অফিসার মহোদয় এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মহোদয়কে অবগত করা হয়।

৫। গ্রামীণ সড়কে স্টীলের চাকা ওয়ালা ট্রাক্টর এবং ১০ টনের অধিক লোডের গাড়ী যাতে না চলে সে বিষয়ে আলোচনা করা হয়। এ বিষয়ে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বৃন্দ, উপজেলা প্রশাসন এবং পুলিশ প্রশাসনের সহ যোগিতা কামনা করা হয়।

৬। বর্ষাকালে যাতে রাস্তা চলাচলের উপযোগী থাকে সে বিষয়ে ইউনিয়ন চেয়ারম্যান মহোদয়কে অনুরোধ করা হয়।

৭। রাস্তার পার্শ্বে মৎস্য খামার থাকায় রাস্তার ব্যাপক ক্ষতি সাধিত হয়, অন্যদিকে রাস্তার উপর খড় শুকানো হয় ফলে রাস্তা নষ্ট হয়। এ বিষয়ে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বৃন্দ, উপজেলা প্রশাসন এবং পুলিশ প্রশাসনের সহ যোগিতা কামনা করা হয়।

(সংযুক্তি)

## এডিপি পিআইসি'র মাধ্যমে বাস্তবায়ন ঃ

| ক্রমিক নং | কাজের নাম | ইউনিয়নের নাম | বরাদ্দকৃত টাকার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | ১ নং কামারেরচর ইউনিয়নে কামারেরচর উচ্চ বিদ্যালয়ের দুতলার গ্রিল ও কলাপসিবল গেট নির্মাণ। | ১নং কামারেরচর | ১০০০০০.০০ | পিআইসি |
| ২. | ২ নং চর শেরপুর ইউনিয়নে চরশেরপুর নাগপাড়া-তালুকপাড়া রাস্তায় ব্রিজের পশ্চিম পার্শ্বে সি.সি করণ। | ২নং চরশেরপুর | ১০০০০০.০০ | পিআইসি |
| ৩. | ৩ নং বাজিতখিলা ইউনিয়নে ০৫নং ওয়ার্ড বড়ইতার হইতে লোকাইপাড় রাস্তায় ইউড্রেন নির্মাণ। | ৩নং বাজিতখিলা | ১০০০০০.০০ | পিআইসি |
| ৪. | ৪নং গাজীরখামার ইউনিয়নে বিভিন্ন ওয়ার্ডের গরিব পরিবারের মাঝে বিনামূল্যে অগভীর নলকূপ স্থাপন। | ৪নং গাজিরখামার | ১০০০০০.০০ | পিআইসি |
| ৫. | ৫ নং ধলা ইউনিয়নে ২নং ও ৩নং ওয়ার্ডে দরিদ্র জনসাধারণের মাঝে নলকূপ স্থাপন। | ৫নং ধলা | ১০০০০০.০০ | পিআইসি |
| ৬. | ৬ নং পাকুরিয়া ইউনিয়নে প্রান্তিক কৃষকদের মাঝে স্প্রে মেশিন সরবরাহ। | ৬নং পাকুরিয়া | ১০০০০০.০০ | পিআইসি |
| ৭. | ৭ নং ভাতশালা ইউনিয়নে বিভিন্ন ওয়ার্ডে স্প্রে মেশিন সরবরাহ। | ৭নং ভাতশালা | ১০০০০০.০০ | পিআইসি |
| ৮. | ৮ নং লছমনপুর ইউনিয়নে ৬নং ওয়ার্ডে হাতিআগলা পূর্বপাড়া ক শ্রেণীর ভূমিহীনদের টিউবওয়েল স্থাপন। | ৮নং লছমনপুর | ১০০০০০.০০ | পিআইসি |
| ৯. | ৯ নং চরমোচারিয়া ইউনিয়নের গরিব ও দুস্থদের মধ্যে নলকূপ স্থাপন। | ৯নং চরমোচারিয়া | ১০০০০০.০০ | পিআইসি |
| ১০. | ১০ নং চরপক্ষীমারী ইউনিয়নে টাকিমারী লাল মিয়ার বাড়ির পাশে বাশের সাকো নির্মাণ। | ১০নং চরপক্ষীমারী | ১০০০০০.০০ | পিআইসি |
| ১১. | ১১ নং বলাইরচর ইউনিয়নের ধোবারচর মালবাড়ী এবং টিকাদার বাড়ীর রাস্তায় পানি নিস্কাসনের জন্য পাইপ স্থাপন। | ১১নং বলাইরচর | ১০০০০০.০০ | পিআইসি |
| ১২. | ১২ নং কামারিয়া ইউনিয়নের বিভিন্ন স্থানে রাস্তায় রিং কালভার্ট স্থাপন। | ১২নং কামারিয়া | ১০০০০০.০০ | পিআইসি |
| ১৩. | ১৩ নং রৌহা ইউনিয়নে ফটিয়ামারী পুরাতন পাড়া শিমুলতলী রাস্তায় ইউড্রেন নির্মাণ। | ১৩নং রৌহা | ১০০০০০.০০ | পিআইসি |
| ১৪. | ১৪ নং বেতমারী ঘুঘুরাকান্দি ইউনিয়নে ১, ২, ৩ ও ৪ নং ওয়ার্ডে টিউবওয়েল সরবরাহ। | ১৪নং বেতমারী ঘুঘুরাকান্দি | ১০০০০০.০০ | পিআইসি |
| ১৫. | শেরপুর সদর উপজেলাধীন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে খেলাধুলার সরঞ্জাম সরবরাহ। | মহিলা ভাইস চেয়ারম্যান | ১০০০০০.০০ | পিআইসি |
| ১৬. | শেরপুর সদর উপজেলাধীন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে খেলাধুলার সরঞ্জাম সরবরাহ। | ভাইস চেয়ারম্যান | ১০০০০০.০০ | পিআইসি |
| ১৭. | শেরপুর সদর উপজেলাধীন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে খেলাধুলার সরঞ্জাম সরবরাহ। | চেয়ারম্যান উপজেলা পরিষদ | ১৬৯০০০.০০ | পিআইসি |
| ১৮. | পরিবার পরিকল্পনা দপ্তরের জন্য টিকা কার্ড তৈরী ও সরবরাহ। | | ৫০০০০.০০ | |
| ১৯. | শেরপুর সদর উপজেলায় বিভিন্ন ইউনিয়নে করোনা মোকাবেলা মাস্ক সরবরাহ। | | ৫০০০০.০০ | |
| ২০. | শেরপুর সদর উপজেলার বিভিন্ন প্রতিষ্ঠানে হোম সোলার সিস্টেম সরবরাহ-৩। | | ২০০০০০.০০ | |
| ২১. | চরবয়ড়া জামে মসজিদ এর গ্রেডবীম নির্মাণ-১। | | ২০০০০০.০০ | |
| ২২. | চরবয়ড়া জামে মসজিদ এর গ্রেডবীম নির্মাণ-২। | | ২০০০০০.০০ | |
| ২৩. | শেরপুর সদর উপজেলায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, মসজিদ, মাদ্রাসায় সিলিং ফ্যান সরবরাহ। | | ২০০০০০.০০ | |
| ২৪. | শেরপুর সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নের বিভিন্ন (মসজিদ, মাদ্রাসা, দাতব্য ও শিক্ষা) প্রতিষ্ঠান ও হতদরিদ্রদের মাঝে টিন সরবরাহ। | | ১৪৫১৫৫.০০ | |
| | | উপ-মোট = | ২৮১৪১৫৫.০০ | |

(সংযুক্তি)

## এডিপি টেন্ডারের মাধ্যমে বাস্তবায়ন ঃ

| ক্রমিক নং | কাজের নাম | ইউনিয়নের নাম | বরাদ্দকৃত টাকার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | চরবয়ড়া জামে মসজিদ এর ছাদ নির্মাণ। | উপজেলা চেয়ারম্যান | ১৬০০০০০.০০ | টেন্ডার |
| ২. | গাজীরখামার কুড়ালিয়াকান্দা খালের উপর কাঠের ব্রীজ নির্মাণ। | | ১০০০০০০.০০ | |
| ৩. | শেরপুর সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নে বিভিন্ন (মসজিদ, মাদ্রাসা ও দাতব্য) প্রতিষ্ঠানে সিলিং ফ্যাণ সরবরাহ। | | ৫০০০০০.০০ | |
| ৪. | মধ্যবয়ড়া নামাপাড়া রাস্তা সিসি করণ। | | ৩০০০০০.০০ | |
| ৫. | বলবাড়ী বিশ্বরোড হতে তারা মিয়ার বাড়ী পর্যন্ত রাস্তা সিসি করণ। | | ৩৫০০০০.০০ | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | **(খ)উপজেলা স্বাস্থ্য বিভাগ ঃ**<br>উপজেলা স্বাস্থ্য পঃপঃ কর্মকর্তা, শেরপুর সদর, শেরপুর সভায় জানান যে,কোভিড-১৯ আবার নতুন ভাবে দেখা দিয়েছে । শেরপুর সদরের জন্য ৩৬০০০ টি টিকার মধ্যে ১ম অবস্থায় ১৭০০০টি টিকা পরে পাওয়া যাবে । ১ম ডোজ টিকা দানের শেষ সময় ১৬ এপ্রিল,২০২১। ইউনিয়ন পর্যায়ে টিকা দেওয়া শুরু করা হয়েছে অদ্য হতে । ইউনিয়ন পরিষদ ডিজিটাল সেন্টারের মাধ্যমে তথ্য প্রদানের অনুরোধ করেন । | সরকারী নীতিমালা মতে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, শেরপুর সদর শেরপুর |
| | | **(গ)উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ**<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শেরপুর সদর, শেরপুর সভায় জানান যে, তার বিভাগের সকলকে টিকা দেওয়ার জন্য নির্দেশ দিয়েছেন । সকল বিভাগীয় প্রধানদের মাধ্যমে সকলকে টিকা দেওয়ার জন্য অনুরোধ করেন । প্রতিটি ইউনিয়নে টিকা কার্যক্রমে সকল ইউপি চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করেন । জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে মেডিকেল ক্যাম্পে ৩০০ শিশুকে ফ্রি খাবার বিতরণ করা হবে । বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী পালনে সকলকে অনুরোধ করেন । | সরকারী নীতিমালা মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, শেরপুর সদর শেরপুর |
| | | **(ঘ)উপজেলা প্রাণি সম্পদ অফিস ঃ**<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, শেরপুর সদর, শেরপুর সভায় জানান যে,তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । সারা দেশে করোনা ভাইরাস প্রাদুর্ভাবের কারনে সৃষ্ট একডাইনে ক্ষতিগ্রস্ত খামারীদের নগদ ৬ হাজার হতে ২০ হাজার টাকা করে প্রনোদনা দেওয়ার কার্যক্রম চলমান। ১ এপ্রিল প্রাণি সম্পদ প্রদর্শনী অনুষ্ঠিত হবে । | সরকারী নীতিমালা মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা প্রাণি সম্পদ অফিসার শেরপুর |
| | | **(ঙ)উপজেলা শিক্ষা অফিস ঃ**<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা, শেরপুর সদর, শেরপুর সভায় জানান যে,আগামী ২০ তারিখের মধ্যে সকল শিক্ষককে টিকা নেওয়ার জন্য নির্দেশ দিয়েছেন । বিভাগীয় পর্যায়ে প্রতিটি বিদ্যালয়ে জাতীয় দিবস গুলিতে জাতীয় পতাকা উত্তোলন করা হবে । | সরকারী নীতিমালা মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা শিক্ষা অফিসার শেরপুর সদর শেরপুর |
| | | চ) উপজেলা যুব উন্নয়ন অফিস<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, শেরপুর সদর, শেরপুর সভায় জানান যে,স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষে যুব সংগঠনের ১৮-৩৫ বছরের বেকার যুব-যুব মহিলাদের নিকট হতে রচনা প্রতিযোগীতা ৩১ তারিখের মধ্যে জমা দেওয়ার জন্য অনুরোধ করেন। | সরকারী নীতিমালা মতে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার শেরপুর |
| | | ছ) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শেরপুর সদর, শেরপুর সভায় জানান যে, ১৭ মার্চ জাতীয় শিশু দিবসে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে পালন করা হবে ।৩০ তারিখের মধ্যে সকল শিক্ষক /কর্মচারীদের ১০০% টিকা সম্পন্ন করা হবে । | সরকারী নীতিমালা মতে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| | | জ) উপজেলা খাদ্য বিভাগ<br>উপজেলা খাদ্য নিয়নত্রক, শেরপুর সদর, শেরপুর সভায় জানান যে, খাদ্য বান্ধব কর্মসূচী মার্চ মাসের ১৬ তারিখ হতে শরু করা হবে সকলের সহযোগিতা কামনা করেন । পাশ্বাপাশ্বি ডিলারদের নিয়োগের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। সকল কর্মচারী টিকা দিয়েছেন। | সরকারী নীতিমালা মতে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক। |
| | | ঝ) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার অফিস<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শেরপুর সদর, শেরপুর সভায় জানান যে, শেরপুর সদর উপজেলার ১৪টি ইউনিয়নে ২০২১-২১২২ ভিজিডি চক্রে ২২৯২ জন উপকারভোগী চূড়ান্তভাবে নিরর্বাচন করা হয়েছে । উক্ত ২২৯২ জন উপকারভোগীর মধ্যে কামারিয়া -১৫ জন কামারেরচর -০৭ জন গাজীরখামার-০৫ জন চরপক্ষীমারী-২৬ জন চরমোচারিয়া-২০ জন চরশেরপুর-০৯জন ধলা-০৬ জন,পাকুড়িয়া-১১ জন বলাইয়েরচর- ১১জন বাজিতখিলা-০২ জন বেতমারী-ঘুঘুরাকান্দি-১০জন ভাতশালা-০৫ জন রৌহা-০৩ জন লছমনপুর-১৭ জন সর্বমোট- ১৪৮ জন উপকারিভোগী খাদ্য অধিদপ্তর ,শেরপুর সদর উপজেলার খাদ্যবান্ধব কর্মসূচীতে অন্তভূক্ত রয়েছে মর্মে জেলা খাদ্য নিয়ন্ত্রকপত্র প্রেরণ করেছেন । উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে হুইপ মহোদয় উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার বলেন যে দ্বৈততা পরিহারের লক্ষ্যে উক্ত উপকারভোগীদের নাম খাদ্য বান্ধব কর্মসূচী থেকে বাদ দিয়ে ভিজিডিতে বহাল রাখার সুপারিশ করেন । | দ্বৈততা পরিহারের লক্ষ্যে ১৪টি ইউনিয়নে ১৪৮ জন ভিজিডি'র উপকারভোগী হিসেবে বহাল রাখার সিদ্ধান্ত গৃহীত হয় এবং ঐ ১৪৮ জনকে খাদ্য বান্ধব কর্মসূচীথেকে বাতিল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | এ বিষয়ে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও জেলা খাদ্য নিয়ন্ত্রকে খাদ্যবান্ধব কর্মসূচী থেকে ১৪৮ জনের তালিকা বাতিল করার জন্য এবং ইউনিয়ন চেয়ারম্যানদেরকে পত্র প্রেরণ কররেন । |
| | বিবিধ | **১) চেয়ারম্যান রৌহা ইউনিয়ন পরিষদ**<br>চেয়ারম্যান,রৌহা ইউনিয়ন পরিষদ, শেরপুর সদর,সভায় জানান যে,ফটিয়ামারি সরকারি প্রাথমিক বিদ্যঅলয়ের টিন -কাঠ অরক্ষিত অবস্থায় রয়েছে। মহিলা বিষয়ক কর্মকর্তাকে ভিজিডি কার্ড দ্রুত দেওয়ার জন্য | সরকারী নীতিমালা মতে। | চেয়ারম্যান, রৌহা ইউনিয়ন পরিষদ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ২) চেয়ারম্যান ধলা ইউনিয়ন পরিষদ<br>চেয়ারম্যান,ধলা ইউনিয়ন পরিষদ, শেরপুর সদর,সভায় জানান যে,বাকারকান্দা বাগবাড়ি বাজারে অবৈধ উচ্ছেদ করার জন্য অনুরোধ করেন । কেউটা বিলের রাস্তা প্রকল্পটি সংশোধনের অনুরোধ করেন । | সরকারী নীতিমালা মতে জন উপকার। | চেয়ারম্যান, ধলা ইউনিয়ন পরিষদ |
| | | (৩) উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান এর বক্তব্য ঃ<br>উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, শেরপুর সদর, শেরপুর সভায় জানান যে, নতুন ভবনের কাজটি দ্রুতশেষ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন । নিউ মার্কেটে স্কু ,কলেজের ছাত্ররা এসে গন্ডগোল করে এবং মারামারি করেন এদিকে দেখার জন্য অনুরোধ করেন । | সরকারী নীতিমালা মতে। | সংশ্লিষ্ট সকল |
| | | (৪) উপজেলা ভাইস চেয়ারম্যান এর বক্তব্য ঃ<br>উপজেলা ভাইস চেয়ারম্যান, শেরপুর সদর, শেরপুর সভায় সকলের দৃষ্টি আকর্ষণ করে জানান্ যে,কুসুমহাটি বাজারে একটি ট্রাফিক সিগনাল দেওয়ার জন্য অনুরোধ করেন । স্থায়ী কমিটির মিটিং নিয়মিত করার জন্য অনুরোধ করেন । অফিস পিয়ন নিয়োগ করা প্রয়োজন । | সরকারী নীতিমালা মতে। | সংশ্লিষ্ট সকল |
| | | উপজেলা নির্বাহী অফিসার এর বক্তব্য ঃ<br>উপজেলা নির্বাহী অফিসার, শেরপুর সদর, শেরপুর সভায় সকল দপ্তরকে স্বতস্ফুত ভাবে অনুষ্ঠানে জন্য অনুরোধ করা হয় এবং সাংস্কৃতিক অনুষ্ঠানে যুক্ত হওয়ার জন্য অনুরোধ করেন । | | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানগ |

মাননীয় হুইপ মহোদয়ের বক্তব্য ঃ

মাননীয় হুইপ মহোদয় সকলকেলের উদ্দেশ্যে জানান যে আজকে সবাই টিকা দিয়ে আসার কথা ছিল ।কর্মকর্তা ও জনপ্রতিনিধিকে দ্রুত টিকা নেওয়ার জন্য সকলকে অনুরোধ করেন । আমি নিজে টিকা নিয়েছি আপনারাও দ্রুত টিকা নিন ।মাননীয় প্রধানমন্ত্রী ও টিকা নিয়েছেন। করোনার টিকা নেওয়ার পরও সকলকে স্বাস্থ্য বিধি মেনে চলার অনুরোধ করেন । তিনি বাকার কান্দা বাগবাড়ী বাজারে উচ্ছেদ করার জন্য পরামর্শ দেন । উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে প্রতিটি ইউনিয়নে টিকা দেওয়ার পরামর্শ প্রদান করেন । প্রতিটি ইউনিয়নে যেন সবাইকে টিকা প্রদান করা হয় । চরপক্ষীমারী ইউনিয়নে সকজলের অগোচরে ধর্ম সভা করা হয়েছে ।এটা চরম দৃষ্টান্ত । আমামী ১৭ মার্চ বঙ্গবন্ধুর জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের জন্য তিনি সকলকে অনুরোধ করেন ।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতির বক্তব্য ঃ

শেরপুর সদর ৫ম উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান ও সভাপতি শেরপুর সদর উপজেলা পরিষদ মাসিক সভা, জনাব মোঃ রফিকুল ইসলাম সভায় উপস্থিত বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ আতিউর রহমান আতিক, মাননীয় হুইপ,বাংলাদেশ জাতীয় সংসদ ও মাননীয় সংসদ সদস্য, মহোদয় অত্র সভায় সংযুক্ত থাকায় তাকে স্বাগত জানান । তিনি জানান যে, চরশেরপুর ইউনিয়নের অনেক বাড়ী ঘরে ডাকাতি হয়েছে । পুলিশ উপস্থিত হয়েছিল,একজন মারা গেছে এবং বাড়ি লুটপাট হয়েছে । বিষয়টি কঠোরভাবে তদন্তপূর্বক ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করেন । " ক" শ্রেণীর ঘর প্রতিটি ইউনিয়নে করার জন্য অনুরোধ করেন ।বাকারকান্দা বাগবাড়ি বাজারে অবৈধ স্থাপনা উচ্ছেদ করে ফাঁকা করার জন্যও অনুরোধ করেন । ধর্ম সভার বিষয়ে সকলকে সর্তক থাকার জন্য অনুরোধ করেন ।

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৬/০৩/২১

(মোঃ রফিকুল ইসলাম)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
শেরপুর সদর, শেরপুর ।
ও
সভাপতি
উপজেলা পরিষদ,মাসিক সভা
শেরপুর সদর,শেরপুর

স্মারক নং- ০৫.৪৫.৮৯৮৮.০০০.০০১.২০- ১৭৫

তারিখঃ ১৬/০৩/২০২১ খ্রিঃ

অনুলিপি- সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে ঃ

১। জনাব মোঃ আতিউর রহমান আতিক, মাননীয় হুইপ, জাতীয় সংসদ বাংলাদেশ ও মাননীয় সংসদ সদস্য, ১৪৩ শেরপুর-১ নির্বাচনী এলাকা ও উপদেষ্টা উপজেলা পরিষদ, শেরপুর সদর, শেরপুর ।
২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পলী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৪। কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৫। জেলা প্রশাসক, শেরপুর।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শেরপুর সদর, শেরপুর
৭। ভাইস চেয়ারম্যান / মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শেরপুর সদর, শেরপুর ।
৮। উপজেলা........................................................................ অফিসার, শেরপুর সদর, শেরপুর।
৯। চেয়ারম্যান........................................................................ইউ,পি, (সকল) শেরপুর সদর, শেরপুর।
১০। অফিস কপি ।

(মোহাম্মদ ফিরোজ আল মামুন)
উপজেলা নির্বাহী অফিসার